গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
চিলমারী, কুড়িগ্রাম
www.chilmari.kurigram.gov.bd

বিষয় : ১৪ ডিসেম্বর শহিদ বুদ্ধিজীবী দিবস-২০২৫ পালন উপলক্ষে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী:
সভাপতি : জনাব সবুজ কুমার বসাক
উপজেলা নির্বাহী অফিসার
চিলমারী, কুড়িগ্রাম
সভার তারিখ : ০৮ ডিসেম্বর ২০২৫
সময় : বেলা ১০.০০ টা
সভার স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নাম পরিশিষ্ট "ক" তে দেখানো হলো :

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে ১৯৭১ সালের ১৪ ডিসেম্বর মুক্তিযুদ্ধের চূড়ান্ত বিজয়ের প্রাক্কালে যে সকল বুদ্ধিজীবী রাতের আঁধারে নির্মমভাবে শহিদ হয়েছেন তাদের আত্মার মাগফেরাত কামনা করেন। ১৯৭১ সালের ১৪ ডিসেম্বরের শহিদদের এ আত্মত্যাগের কথা স্মরণ রেখে দিবসটি যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে সকলকে সুচিন্তিত মতামত প্রদানের আহ্বান জানান। অতঃপর জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রামে ০৬ নভেম্বর ২০২৫ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান এবং ১৪ ডিসেম্বর ২০২৫ তারিখ শহিদ বুদ্ধিজীবী দিবস সুষ্ঠভাবে পালনের লক্ষ্যে স্থানীয় কর্মসূচি প্রণয়নের জন্য সকলের আন্তরিক সহযোগিতা কামনা করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত কর্মসূচি গৃহীত হয়।

কর্মসূচি

| ক্র: নং | তারিখ ও সময় | কর্মসূচি | স্থান | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১ | ১৪-১২-২০২৫<br>সন্ধ্যা- ৬.০০ টা | মোমবাতি প্রজ্জ্বলন | কেন্দ্রীয় শহিদ মিনার, চিলমারী<br>ও<br>শহিদ মুক্তিযোদ্ধার স্মৃতিস্তম্ভ (বদ্ধভূমি) বালাবাড়িহাট, চিলমারী | উপজেলা প্রশাসন, চিলমারী<br>ও<br>থানাহাট ইউনিয়ন পরিষদ |
| ২ | ১৪-১২-২০২৫<br>সন্ধ্যা- ৬.২০ টা | শহিদ বুদ্ধিজীবী দিবস- ২০২৫ উপলক্ষে দিবসটির তাৎপর্য তুলে ধরে আলোচনা সভা ও দোয়া | শহিদ মুক্তিযোদ্ধার স্মৃতিস্তম্ভ (বদ্ধভূমি) বালাবাড়িহাট, চিলমারী | উপজেলা প্রশাসন, চিলমারী<br>ও<br>থানাহাট ইউনিয়ন পরিষদ |

সভায় উপস্থিত সদস্যবৃন্দ এ কমিটির সদস্য হিসেবে গণ্য হবে।

সিদ্ধান্ত:

১। সকল সরকারি, বেসরকারি কলেজ, মাধ্যমিক বিদ্যালয়, প্রাথমিক বিদ্যালয় ও মাদ্রাসাসমূহে স্ব-স্ব ব্যবস্থাপনা ও যথাযোগ্য মর্যাদায় দিবসটির তাৎপর্য তুলে ধরে বিশেষ আলোচনা অনুষ্ঠান/আলোচনা সভা আয়োজন করার জন্য সংশ্লিষ্ট প্রধানগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের নিমিত্ত উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চিলমারী, কুড়িগ্রাম প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হয়।
২। গৃহীত ব্যাপক প্রচারের জন্য স্টেশন ইনচার্জ, রেডিও চিলমারীকে অনুরোধ করা হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় ১৪ ডিসেম্বর ২০২৫ তারিখ শহিদ বুদ্ধিজীবী দিবস যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের লক্ষ্যে সকলের সহযোগিতা কামনা করে গৃহীত সকল কর্মসূচিতে যোগদানের জন্য সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০৮/১২/২৫
(সবুজ কুমার বসাক)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
শহিদ বুদ্ধিজীবী দিবস ২০২৫ উদ্‌যাপন কমিটি
চিলমারী, কুড়িগ্রাম
ফোন : ০২৫৮৯৯৫২৬০১

স্মারক নং- ০৫.৪৭.৪৯০৯.০০০.০৯.০০৬.২৫-

তারিখ : ২৩ অগ্রহায়ণ ১৪৩২
০৮ ডিসেম্বর ২০২৫

অনুলিপি :
০১। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর
০২। জেলা প্রশাসক, কুড়িগ্রাম
০৩। প্রশাসক, উপজেলা পরিষদ, চিলমারী, কুড়িগ্রাম
০৪। উপজেলা ............................................................. অফিসার, চিলমারী, কুড়িগ্রাম
০৫। অধ্যক্ষ/সুপার/প্রধান শিক্ষক ....................................(সকল) কলেজ/মাদ্রাসা/উচ্চ বিদ্যালয়/স:প্রা:বি:, চিলমারী, কুড়িগ্রাম
০৬। অফিস কপি

০৮/১২/২৫
উপজেলা নির্বাহী অফিসার
ও সভাপতি
শহিদ বুদ্ধিজীবী দিবস ২০২৫ উদ্‌যাপন কমিটি
চিলমারী, কুড়িগ্রাম

OPPO F21 Pro 5G
2025.12.11 21:14